তারিখ ... 23 DEC 1995 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

দৈনিক ইত্তেফাক

24

## ২৬শে ডিসেম্বর চট্টগ্রাম ভার্সিটি সিনেটে ভিসি প্যানেল নির্বাচন

চট্টগ্রাম অফিস ।। আগামী ২৬শে ডিসেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে ৩ জনের ভিসি প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হইবে। ভিসি প্যানেল নির্বাচনে ( ৪র্থ পৃঃ দ্রঃ )

### চট্টগ্রাম ভার্সিটি

( ৩য় পৃঃ পর )

আওয়ামী লীগপন্থী গোলাপী প্যানেল এবং বিএনপি সমর্থিত সাদা প্যানেল সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করিবে।

ভিসি নির্বাচন লইয়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের মধ্যে ব্যাপক আলোচনা চলিতেছে। প্রার্থী মনোনয়নের ক্ষেত্র দুইটি গ্রুপই সকল দিক বিবেচনা করিতেছে। বেশ কয়েকজন সিনেট সদস্য এই প্রতিবেদককে জানান, এইবার গ্রুপভিত্তিক নির্বাচিত হওয়ার সম্ভাবনা কম। সিনেট সদস্যরা বলেন, ৩ জনের ভিসি প্যানেল নির্বাচনের ক্ষেত্রে ব্যক্তি পছন্দই প্রভাব ফেলিবে। গত বুধবার গোলাপী প্যানেল তাহাদের মনোনীত প্রার্থীর নাম ঘোষণা করিয়াছে। গোলাপী প্যানেলের প্রার্থীরা হইতেছেন: সাবেক প্রো-ভিসি ও হিসাব বিজ্ঞান বিভাগের সিনিয়র শিক্ষক অধ্যাপক আলী ইমদাদ খান, অর্থনীতি বিভাগের অধ্যাপক সেকান্দর খান এবং সমাজতত্ত্ব বিভাগের অধ্যাপক অনুপম সেন। আজ ২৩শে ডিসেম্বর সাদা প্যানেলের মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হইবে। তবে সাদা প্যানেলের সম্ভাব্য প্রার্থীরা হইতেছেন বর্তমান প্রো-ভিসি অধ্যাপক বদিউল আলম, সামুদ্রিক বিজ্ঞান বিভাগের শিক্ষক অধ্যাপক ডঃ ইউসুফ শরীফ আহমদ খান, অর্থনীতি বিভাগের অধ্যাপক মাহফুজুল হক, অধ্যাপক নুরুদ্দিন চৌধুরী প্রমুখ।

এদিকে বর্তমান ভিসি অধ্যাপক রফিকুল ইসলাম সাদা প্যানেলের প্রার্থী হওয়ার ব্যাপারে নীরবতা পালন করিলেও একজন সিনেট সদস্য জানান, ভিসি সমর্থন যাচাই করিতেছেন। উল্লেখ্য যে, ৩০শে ডিসেম্বর বর্তমান ভিসি'র ৪ বৎসর মেয়াদ শেষ হইবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেটের মোট সদস্য সংখ্যা ৬৮ জন।